

## 2nd India- UK Multilateral Dialogue

October 20, 2021

### দ্বিতীয় ভারত-যুক্তরাজ্য বহুপাক্ষিক আলোচনা

অক্টোবর 20, 2021

18 ই অক্টোবর 2021 তারিখে লন্ডনে, দ্বিতীয় ভারত-যুক্তরাজ্য বহুপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব (ইউ এন রাজনৈতিক) শ্রীযুক্ত প্রকাশ গুপ্তা এবং যুক্তরাজ্য প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রীমতী হ্যারিয়েট ম্যাথিউজ সিএমবি, ওবিই, ইউ এন, ইউ কে বিদেশ, কমনওয়েলথ এবং ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর উপ রাজনৈতিক নির্দেশক। অগস্ট 2021 -এ ইউএন নিরাপত্তা পরিষদে সফলভাবে সভাপতিত্বের জন্য যুক্তরাজ্যের তরফ থেকে ভারতকে অভিনন্দন জানান হয়েছে। ইউএন সংস্কার, সন্ত্রাসবাদের বিরোধিতা, শান্তিরক্ষা এবং জলবায়ু প্রক্রিয়ার সাথে সম্পর্কিত পারস্পরিক স্বার্থের বিষয়গুলিকে ঘিরে আলোচনা করা হয়েছে।

উভয়পক্ষ কমনওয়েলথ কৌশলগত পরিকল্পনা এবং অগ্রাধিকার নিয়ে মত বিনিময় করেছেন। প্রতিনিধি দল, বহুপাক্ষিক বিষয়গুলিতে তাদের সহযোগিতাকে আরও গভীর করার জন্য ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাবার বিষয়ে সহমত হয়েছে।

নিউ দিল্লি

অক্টোবর 20, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.